

কুমিল্লার মুরাদনগরে এক ছাত্রীকে যৌন নির্যাতনের মামলায় মাদ্রাসার প্রধান শিক্ষককে কারাগারে পাঠিয়েছেন আদালত। অন্যদিকে বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে পঞ্চম শ্রেণির ছাত্রীকে শ্রীলতাহানির চেপ্টার মামলায় এক শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। অবশ্য শিক্ষকের পরিবারের দাবি, তিনি ষড়যন্ত্রের শিকার। অন্যদিকে নারায়ণগঞ্জের আড়াইহাজারে এক কিশোরীকে ধর্ষণের পাঁচদিন পর থানায় মামলা হয়েছে।

মুরাদনগর (কুমিল্লা) : যৌন নির্যাতনের অভিযোগে উপজেলা সদরের নিমাইকান্দি উম্মেহানি মহিলা মাদ্রাসার প্রধান শিক্ষক আবুল হাসানকে (৩৫) গতকাল মঙ্গলবার দুপুরে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত। তিনি ওই গ্রামের মৃত আবদুস ছাত্তারের ছেলে। মাদ্রাসার অফিসকক্ষ থেকে সোমবার রাতে পুলিশ তাকে গ্রেপ্তার করে।

মামলার অভিযোগ সূত্রে জানা যায়, একশত টাকা চুরির অপবাদ দিয়ে হেফজ বিভাগের এক ছাত্রীকে (১০) গত

২৩ সেপ্টেম্বর মাদ্রাসার অফিসকক্ষে ডেকে নেন প্রধান শিক্ষক আবুল হাসান। তখন তল্লাশির নামে তার শরীরের বিভিন্ন স্পর্শকাতর স্থানে হাত দিয়ে যৌন নির্যাতন চালায়। এর পর এক সপ্তাহ ধরে সে মাদ্রাসায় যেতে রাজি না হওয়ায় জোর করে পাঠানোর চেষ্টা করে পরিবার। পরে সে মাদ্রাসার প্রধান শিক্ষকের যৌন নির্যাতনের ঘটনাটি তার মায়ের কাছে খুলে বলে। এ ব্যাপারে ওই ছাত্রীর মা বাদী হয়ে সোমবার রাতে মামলা করলে পুলিশ তাকে আটক করে। গতকাল দুপুরে কুমিল্লার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করলে বিচারক হাসানকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

নাইক্ষ্যংছড়ি (বান্দরবান) : ঘুমধুমে পঞ্চম শ্রেণির ছাত্রীকে শ্রীলতাহানির চেপ্টার মামলায় এক শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। গত সোমবার বেলা ১১টায় ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ঘটনাটি ঘটলেও রাত ১১টায় থানায় মামলা রুজু করা হয়। গ্রেপ্তার শিক্ষক মো. ইউনুছ (৩২) ঘুমধুম ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের তুমকর পশ্চিমপাড়া গ্রামের মৃত আমির হোসেনের ছেলে।

ভুক্তভোগী ছাত্রীর বাবা জানান, ওই বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ে তার মেয়ে। এর আগে অসুস্থতার জন্য সমাপনী মডেল টেস্ট পরীক্ষার তিনটি পরীক্ষা দিতে পারেনি। সোমবার ওই পরীক্ষায় পুনঃঅংশগ্রহণের জন্য স্কুলে যায় তার মেয়ে। এ সময় শিক্ষক ইউনুছ তাকে শ্রেণিকক্ষে একা পেয়ে শ্রীলতাহানির চেষ্টা করেন। পরে ওই ছাত্রী বাড়িতে এসে বিষয়টি পরিবারকে জানায়। ঘটনার পর অভিযোগ পেয়ে বিকালে পুলিশ ওই শিক্ষককে আটক করে থানায় সোপর্দ করে।

এদিকে অভিযুক্ত ইউনুছের চাচা নুরুল আলম ঘটনাটি ‘ষড়যন্ত্র’ বলে দাবি করেছেন। তিনি জানান- চলমান ইউপি নির্বাচনে তিনি মেস্বার পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা ও সম্প্রতি উপজেলা নির্বাহী অফিসারের কাছে একটি অভিযোগকে কেন্দ্র করে স্বার্থনেষী মহল ষড়যন্ত্রমূলক ইউনুছকে ফাঁসিয়েছে।

নাইক্ষ্যংছড়ি থানার ওসি আনোয়ার হোসেন বলেন, লিখিত অভিযোগের ভিত্তিতে ওই শিক্ষককে আটক করা হয়েছে। জিজ্ঞাসাবাদের পর অভিযোগটি আমলে নিয়ে মামলা হিসেবে রুজু করা হয়েছে।

আড়াইহাজার (নারায়ণগঞ্জ) : পনেরো বছরের এক কিশোরী ধর্ষণের শিকার হয়েছে। উপজেলার মেঘনা বেষ্টিত কালাপাহাড়িয়া ইউনিয়নের ডেঙ্গুরকান্দি আশ্রয়ণ প্রকল্পে এ ঘটনা ঘটে। ধর্ষণের পাঁচ দিন পর গতকাল মঙ্গলবার দুপুরে ধর্ষিতার মামা বাদী হয়ে ধর্ষক শিপন ও তার বন্ধু জামালকে আসামি করে নারী ও শিশু নির্যাতন আইনে থানায় মামলাটি দায়ের করেন।

থানার ওসি নজরুল ইসলাম জানান, চরলক্ষ্মীপুর গ্রামের জোহর আলীর ছেলে শিপন ডেঙ্গুরকান্দি আশ্রয়ণ প্রকল্পের হতদরিদ্র এক পরিবারে সঙ্গে আসা-যাওয়ার একপর্যায়ে ওই কিশোরীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। গত ২৬ সেপ্টেম্বর রাতে শিপন তার বন্ধু জামালের মাধ্যমে ওই কিশোরীকে খবর দিয়ে একটি খালি ঘরে ডেকে নিয়ে যায়। সেখানে শিপন ওই কিশোরীকে জোরপূর্বক ধর্ষণ করে অজ্ঞান অবস্থায় রেখে তার বন্ধুকে নিয়ে পালিয়ে যায়। জ্ঞান ফিরলে কিশোরী বিষয়টি তার পরিবারের লোকজনকে জানায়। পরে নির্যাতিতা কিশোরীর স্বজনরা শিপনের পরিবারকে অবগত করলে তারা মীমাংসার জন্য প্রস্তাব দিয়ে কালক্ষেপণ শুরু করে। একপর্যায়ে বিষয়টি মীমাংসা না করে ধাপাচাপা দিয়ে স্থানীয় প্রভাবশালীদের মাধ্যমে ওই কিশোরীর পরিবারকে হুমকি-ধমকি দিতে শুরু করে। কোনো উপায়ান্তর না পেয়ে গতকাল মঙ্গলবার দুপুরে থানায় এসে ধর্ষক শিপন ও তার বন্ধু জামালকে আসামি একটি মামলা দায়ের করেন। পুলিশ আসামিদের গ্রেপ্তারে মাঠে কাজ করছে বলে ওসি জানিয়েছেন।